# ভারি বর্ষণে খাগড়াছড়িতে পাহাড় ধস, যান চলাচল বন্ধ

*সড়কটি যান চলাচলের উপযোগী করতে বেশ সময় লাগবে বলে জানিয়েছেন সড়ক বিভাগের প্রকৌশলী।*



খাগড়াছড়ি প্রতিনিধি বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published : 17 Aug 2024, 11:49 AM

Updated : 17 Aug 2024, 12:17 PM

ভারি বর্ষণে খাগড়াছড়িতে পাহাড় ধসে ঢাকা ও চট্টগ্রামের সঙ্গে যান চলাচল বন্ধ হয়ে গেছে। এতে সড়কের দুই পাশে আটকা পড়েছে বহু যানবাহন। তবে কোনো হতাহতের ঘটনা ঘটেনি।

শনিবার সকাল সাড়ে ৭টা ও সকাল পৌনে ৯টার দিকে খাগড়াছড়ি-আলুটিলা সড়কের সাপমারা এলাকায় দুই দফায় এই ধসের ঘটনা ঘটেছে বলে জানিয়েছেন খাগড়াছড়ি ফায়ার সার্ভিসের উপ-পরিচালক মোহাম্মদ জাকের হোসেন।




জাকের হোসেন বলেন, বৃষ্টিতে সকালে পাহাড়ের একটি অংশ ধসে সড়কের ওপর পড়ে। তা পরিস্কার করে নেওয়ার পর আবার বড় অংশ ধসে পড়ে।

এতে যান চলাচল বন্ধ হয়ে সারাদেশের সঙ্গে খাগড়াছড়ি সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।

তিনি আরও বলেন, "সকাল থেকে আমাদের খাগড়াছড়ি ও মাটিরাঙা ইউনিটের সদস্যরা এসে মাটি সরানোর কাজ শুরু করেছেন। তবে আমাদের জনবল কম থাকায় এটা সরাতে সময় লাগবে।"

তবে সকাল ১০টার দিকে সড়ক ও জনপথ বিভাগও মাটি সরানোর কাজে যোগ দেন বলে জানান তিনি।



খাগড়াছড়ি সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী মাকসুদুর রহমান বলেন, " সড়কের উপর প্রচুর মাটির সঙ্গে বিদ্যুতের খুঁটি ও পাহাড়ের গাছপালা চলে এসেছে। সেগুলো সরানোর কাজে ফায়ার সার্ভিসের সঙ্গে আমরাও যোগ দিয়েছি।”

“সব মিলিয়ে সড়কটি যান চলাচলের উপযোগী করতে বেশ সময় লাগবে”, বলেন এই প্রকৌশলী।

bdnews24.com

প্রধান সম্পাদক ও প্রকাশক: তৌফিক ইমরোজ খালিদী